দৈনিক সংবাদ

তারিখ 27 DEC 1986
পৃষ্ঠা ... 1 কলাম 2 ...

22

## নয়া শিক্ষানীতি বাস্তবায়ন করতে হবে ঃ মওদুদ

উপ-প্রধানমন্ত্রী মওদুদ আহমদ বলেছেন, দেশের ছাত্রদের উপযুক্ত ও ফলপ্রসূ শিক্ষা দেয়ার উদ্দেশ্যে এক নয়া শিক্ষানীতি বাস্তবায়ন করতে হবে।

তিনি গতকাল শুক্রবার ঢাকায় প্রাথমিক বিদ্যালয় 'তামরিন'এর উদ্বোধন করছিলেন।

জনাব মওদুদ বলেন, ছাত্রদের এমন শিক্ষাদান করা উচিত, যাতে তারা জ্ঞানের ক্ষেত্রে অন্যান্য দেশের ছাত্রদের তুলনায় পেছনে পড়ে না থাকে।

তিনি বলেন, দেশের শিক্ষার হার হ্রাস পাবার বর্তমান প্রবণতা রোধ করার জন্য বিশেষ করে গ্রামীণ জনসাধারণকে শিক্ষিত হতে উদ্বুদ্ধ করতে হবে।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ডঃ কাজী দীন মোহাম্মদ।